গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
(প্রতিষ্ঠান অধিশাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

নম্বর ৪১.০১.০০০০.০৬২.২০.০৫৯.১৮. ৭২

তারিখ : ১৩ ফাল্গুন ১৪৩২
২৬ ফেব্রুয়ারি ২০২৬

**চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার**
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়:** ২০২৫-২৬ অর্থবছরে বাজেটে ১২০০১৩৪০১-"বেসরকারি এতিমখানা"র ১ম কিস্তির (জুলাই ২০২৫ হতে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত) ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ ও মঞ্জুরি প্রদান।

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নম্বর- ৪১.০০.০০০০.০৪৩.০৫.০০৩.১৭(অংশ-২).১০৪ তারিখ : ১০ ফেব্রুয়ারি ২০২৬ এর প্রেক্ষিতে ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেটে ১২০০১৩৪০১- 'বেসরকারি এতিমখানা' এর ৩২৫৪১০২- **'খাদ্যদ্রব্য'** খাতে বরাদ্দকৃত ২৮০.০০ (দুইশত আশি কোটি) টাকার মধ্যে ১৪০.০০ (একশত চল্লিশ) কোটি টাকা ১ম কিস্তিতে ৬৪টি জেলার ৪,১৬০টি বেসরকারি এতিমখানার ১,১৬,৫০৬ (এক লক্ষ ষোল হাজার পাঁচশত ছয়) জন এতিম শিশুর অনুকূলে মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা হারে (জুলাই ২০২৫ হতে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত) ৬ (ছয়) মাসের জন্য (১,১৬,৫০৬×২,০০০×৬) = ১৩৯,৮০,৭২,০০০ (একশত উনচল্লিশ কোটি আশি লক্ষ বাহাত্তর হাজার) টাকা বরাদ্দের সরকারি মঞ্জুরি প্রদান করা হয়েছে।

২. উপজেলা সমাজসেবা অফিসার/শহর সমাজসেবা অফিসার তাঁর কার্যালয়ের আওতাধীন বরাদ্দপ্রাপ্ত বেসরকারি এতিমখানার বিলের বিপরীতে অর্থ উত্তোলন করে স্থানীয় "সোনালী ব্যাংক/তফশীল ব্যাংক" 'বেসরকারি এতিমখানার ক্যাপিটেশন গ্র্যান্ট' শিরোনামে একটি চলতি হিসাবে জমা করবেন এবং উক্ত হিসাব হতে **"ক্রস চেক"** এর মাধ্যমে সংশ্লিষ্ট এতিমখানার অনুকূলে অর্থ প্রদান করবেন। এ ক্ষেত্রে লক্ষ্যণীয় যে, বিলের অর্থ প্রদানে অহেতুক বিলম্ব গ্রহণযোগ্য নয়।

৩. ক্যাপিটেশন গ্র্যান্ট বাবদ মাথাপিছু মাসিক বরাদ্দকৃত ২,০০০/- টাকা হতে খাদ্য বাবদ ১,৬০০/- টাকা, পোষাক বাবদ ২০০/- টাকা এবং ওষুধ ও অন্যান্য বাবদ ২০০/- টাকা হারে ব্যয় হবে। বরাদ্দকৃত অর্থের যথাযথ হিসাব আলাদাভাবে সংরক্ষণ করতে হবে।

৪. **বরাদ্দকৃত অর্থ ব্যয়ের শর্তাবলী নিম্নরূপঃ**

ক. ন্যূনতম ১০ জন এতিম নিবাসী নেই এমন কোন এতিমখানার জন্য ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ দেওয়া যাবে না;

খ. সমাজসেবা অধিদফতরের নিবন্ধনকৃত নয় অথবা এতিম ও দুস্থ শিশু নেই এমন কোন এতিমখানাকে ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ দেওয়া যাবে না;

গ. ১৮ বছরের উর্দ্ধে কোন এতিম ও দুস্থকে ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ দেওয়া যাবে না;

ঘ. যে সব এতিমখানার বিরুদ্ধে মামলা / অভিযোগ আছে তাদের মামলা / অভিযোগ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ দেয়া যাবে না;

ঙ. উপরিউক্ত শর্ত বা শর্তাদির সাথে অসামঞ্জস্যপূর্ণ হলে সংশ্লিস্ট এতিমখানার জন্য গ্র্যান্ট স্থগিত রেখে সংশ্লিষ্ট উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং সমাজসেবা অধিদপ্তরকে অবহিত করবেন;

CamScanner

চ. ১ম কিস্তিতে মাথাপিছু এতিমের জন্য মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা হারে ৬ (ছয়) মাসের জন্য ১২,০০০ (বারো হাজার) টাকা বরাদ্দ দেয়া হয়েছে। কোন এতিমখানার ক্ষেত্রে বরাদ্দকৃত এতিমের আসন সংখ্যা এবং মঞ্জুরিকৃত টাকার অংকের মধ্যে কোন গড়মিল পরিলক্ষিত হলে অথবা অন্য কোন অসামঞ্জস্য পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং সমাজসেবা অধিদপ্তরকে অবহিত করবেন।

Mahbub 25/2/26

শাহ মোহাম্মদ মাহবুব
মহাপরিচালক
ফোন: ৫৫০০৭০২৪।

নম্বর ৪১.০১.০০০০.০৬২.২০.০৫৯.১৮.৭২/২ (২০)

তারিখ : ১৬ ফাল্গুন ১৪৩২
২৮ ফেব্রুয়ারি ২০২৬

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক (প্রশাসন ও অর্থ / কার্যক্রম/ সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, ঢাকা।
২. পরিচালক, বিভাগীয় কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ বরিশাল/সিলেট/ রংপুর/ ময়মনসিংহ।
৩. মাননীয় মন্ত্রী / প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. উপপরিচালক (প্রকাশনা, মূল্যায়ণ ও গবেষণা), সমাজসেবা অধিদফতর, ঢাকা। তাঁকে ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ........................................
৭. উপজেলা নির্বাহী কর্মকর্তা, ...............................................
৮. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ............................................
৯. সমাজসেবা অফিসার, শহর/ উপজেলা সমাজসেবা কার্যালয়, ..................................................
১০. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ............................................

২৫.২.২৬

সমীর মল্লিক
পরিচালক (প্রতিষ্ঠান)
☎ ৫৫০০৭১৩

CamScanner